

পুনর্বিবেচনার আবেদন নং ০৩৩/২০২৪

বিষয় : দরপত্র মূল্যায়নে অনিয়ম হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিবালা ২০০৮ এর বিধি ৫৬ বিধি অনুযায়ী রিভিউ
প্যানেলে আপিল দায়ের (দরপত্র আইডি নম্বর ৮৯৭৪৭৬)

বাদি : ইঞ্জিনিয়ার মোঃ আল মামুন, ভাইরেটের (ডেভেলপমেন্ট), মোহাম্মদ ইউসুস এন্ড ব্রাদার্স (প্রাঃ) লিঃ এর পক্ষে, ইউসুস
বিজেনেস সেন্টার, Equity G.F. Fortune Mall (Beside Mimi Super Market) (17th floor), 1 no. Baijid Bostami
Road Panchlaish, Chattogram.

বিধাদি : প্রকল্প পরিচালক (নির্বাহী প্রকৌশলী), বরিশাল বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রস্তুতকরণ ও
শক্তিশালিকরণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালি।

সংক্ষেপে আপীলের বিষয়

- (১) রিভিউ প্যানেল ৩ ও ৫ এর আদেশ অনুসারে করে বর্ষিত দরপত্র মূল্যায়ন শেষে ২০/০২/২৪ তারিখে NOA প্রদান করা;
- (২) নিজের অভিজ্ঞতার সমন্বয় না করে বরেন্দ্র কনস্ট্রাকশন লিঃ উহার সবল পরিচালক ও শেয়ারহোল্ডারগণের নিজ
নিজ অভিজ্ঞতার সমন্বয় একত্রীভূত করে জমা দান করা;
- (৩) যোগ্যতার মানদণ্ডে ৫ বছরের অভিজ্ঞতা চাওয়া হয়েছে, যা বরেন্দ্র কনস্ট্রাকশন লিঃ এর নেই। কারণ বরেন্দ্র
কনস্ট্রাকশন ২৯/০৮/২৩ তারিখে নির্বাচন লাভ করে;
- (৪) ৪০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে টেক্টার চুক্তিন মাধ্যমে অর্থ্যাং অরেজিস্ট্রিকৃত দলিলের মাধ্যমে একজন
ব্যাক্তি/কার্ম/কোম্পানির সম্পদ/সম্পদ /ব্যবসায়ের সুন্মাম ও দেনা পাওনা একত্রে সবকিছুই কোম্পানির নামে হস্তান্তর
দেখানো;
- (৫) একইভাবে রিভিউ প্যানেল ৩ ও ৫ এর নিকাতে স্থানীয় সরকার অধিদপ্তর এর নির্বাহী প্রকৌশলীর আহবানকৃত দরপত্র
আইডি নং ৮৯৭৪৭৬ এর মূল্যায়নে সাতটি ফার্মের পূর্ব অভিজ্ঞতা যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা বরেন্দ্র কনস্ট্রাকশন
লিঃ-এর নামে দেখিলে দরপত্রটির মূল্যায়ন যথাযথ ও বিবিসম্মত হয়নি আদেশ প্রদান সত্ত্বেও একইভাবে মূল্যায়ন করা;

৬. এমতাবস্থায় আদেশ হচ্ছে:-

- (ক) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালি কর্তৃক আহবানকৃত দরপত্র আইডি নং
৮৯৭৪৭৬ এর মূল্যায়নে মূল্যায়ন কর্মটি ৭ (সাত) টি প্রোপ্রাইটের ফার্মের পূর্ব অভিজ্ঞতা/যোগ্যতা সহ অন্যান্য বিষয়
যেভাবে পিপিএ/পিপিআর-এর সংস্থান ব্যতিরেকে ৭ (সাত) প্রোপ্রাইটের ফার্মের ব্রহ্মকারী ব্যক্তির মূলধনে নবগঠিত
বরেন্দ্র কনস্ট্রাকশন লিঃ এর যোগ্যতা ও অভিজ্ঞতা দেখিয়ে দরপত্র মূল্যায়ন করেছে তা যথাযথ ও বিবিসম্মত হয়নি;
- (খ) অনুরূপ বিষয়ে রিট মামলা ৫৮৫/২০২৪ ও সিডিল পিটিশন ফর লিভ টু আপিল নং ২৫৫-২৫৬ অফ ২০২৪ উচ্চ
আদালতে বিচারাধীন আছে বিধায় বিপিপিএ পদক্ষেপ গ্রহণে বর্ষিত মামলাসমূহের চূড়ান্ত আদেশ বিবেচনায় নেবে;
- (ঝ) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি) এই বিষয়ে ৮(২)(ক), ৮(২) (খ), ৮(২)(গ), ৮(২)(ঘ), ৮(২) (ঙ)
এবং ৮(২)(চ) উল্লিখিত মতামত জারী করেছে, মতামতসমূহ স্পষ্ট হলেও ক্রয়কারিগণ ভিন্নভাবে ব্যাখ্যা করছেন
এবং ব্যবহার করছেন যা আইনী জিলিতার সৃষ্টি করছে/মামলা মোকদ্দমার ক্ষেত্রে তৈরি হচ্ছে। এমতাবস্থায় সকল
মতামত পর্যালোচনা করে ও এতদসংক্রান্ত উচ্চ আদালতে বিচারাধীন রিট পিটিশন/লিভ টু আপিল-এর চূড়ান্ত রায় এর
আলোকে একটি সুগঠিত স্পষ্টিকরণ জারী করার জন্য নির্দেশনা প্রদান করছে।
- (গ) বাদির নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা যেতে পারে।

(ড. নাদিয়া বিনতে আমিন)
সদস্য
রিভিউ প্যানেল-৩

(নুরুজ্জামান)
সদস্য
রিভিউ প্যানেল-৩
জেলা ও দায়রা জজ (অবঃ)

(মোঃ ফারুক হোসেন)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-৩
(সরকারের সাবেক সচিব)